রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, এপ্রিল ১৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২/০৭ এপ্রিল ২০২৬

নং ০৩.০৪.২৬৯০.০০০.০৮১.১৪.০০০৪.২৫-৩২—সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জীবনমান উন্নয়নের লক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় ‘বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)’ শীর্ষক কর্মসূচির কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের লক্ষে আন্তঃমন্ত্রণালয় কমিটি নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

**আন্তঃমন্ত্রণালয় কমিটি:**

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সভাপতি |
| ২. | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| ৩. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৪. | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ৫. | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬. | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | : | সদস্য |
| ৭. | সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | : | সদস্য |
| ৮. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৯. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ১০. | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | : | সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ১১. | সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | : | সদস্য |
| ১২. | চেয়ারম্যান, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান কল্যাণ ফ্রন্ট | : | সদস্য |
| ১৩. | এ্যাড. জন গমেজ, উপদেষ্টা, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান কল্যাণ ফ্রন্ট ও ভাইস চেয়ারম্যান, খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | : | সদস্য |
| ১৪. | জনাব সুশীল চন্দ্র বড়ুয়া, উপদেষ্টা, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান কল্যাণ ফ্রন্ট ও সদস্য, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | : | সদস্য |
| ১৫. | জনাব মৃগেন হাগিদক, ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান কল্যাণ ফ্রন্ট | : | সদস্য |
| ১৬. | মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

ক) কমিটি কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান করবে;

খ) কর্মসূচি বাস্তবায়নে কোনো সমস্যা/প্রতিবন্ধকতা কিংবা জটিলতার উদ্ভব হলে কমিটি তা সমাধানে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে;

গ) কর্মসূচির আওতায় কার্যক্রম গ্রহণ, বাজেট বিভাজন ও ব্যয়ের বিষয়ে কমিটি যথাযথ দিকনির্দেশনা প্রদান করবে এবং প্রয়োজনীয় নীতি-কৌশল প্রণয়ন করবে;

ঘ) কর্মসূচিটি পরিচালনায় প্রয়োজনীয় লোকবল নিয়োগের বিষয়ে কমিটি সুপারিশ প্রদান করবে;

(ঙ) পরিবীক্ষণের নিমিত্ত কমপক্ষে প্রতি ০৩ (তিন) মাস অন্তর এবং প্রকল্প অনুমোদনের লক্ষে বছরে অন্তত ২ (দুই) বার কমিটির সভা আয়োজন করতে হবে;

(চ) কমিটি প্রয়োজনানুসারে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এতদসংক্রান্ত ইতঃপূর্বে ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৩.৪৫১.২৬৯০.০৪৬.০০.০১.২০২০-৬৪৭ নম্বর স্মারকে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি এতদ্দ্বারা বাতিল করা হলো।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সায়মা আক্তার**
পরিচালক-১৪।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd